

তারিখ: ২৪/০৬/২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসির) সঙ্গে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসির) সঙ্গে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার রাজধানীর একটি হোটেলে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়সহ দেশের আরও ৪৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউজিসির এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসির) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহিদুল্লাহ- এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. দীপু মনি, এমপি। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ এর উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম ও ইউজিসির সচিব ড. ফেরদৌস জামান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

এ সময় ইউজিসির উপ-পরিচালক ও এপিএ'র ফোকাল পয়েন্ট মো. গোলাম দস্তগীরের উপস্থাপনায় অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় ও কমিশনের কর্মকর্তাসহ ৪৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ৪৬ টি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও এপিএ'র ফোকাল পয়েন্ট উপস্থিত ছিলেন।

পরে ২০২১-২২ অর্থবছরে পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে এপিএ কার্যক্রম বাস্তবায়নে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অর্জনকারী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার ও ফোকাল পয়েন্ট এর মধ্যে পুরস্কার হিসেবে সার্টিফিকেট প্রদান করেন মাননীয় শিক্ষামন্ত্রী।

স্বাক্ষরিত/-

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।